

আস-সাফাত | As-Saffat | الصَّافَّات

আয়াতঃ ৩৭ : ৪৮

আরবি মূল আয়াত:

وَعِنْدَهُمْ قَصِيرَاتُ الطَّرَفِ عَيْنٌ ﴿٤٨﴾

অনুবাদসমূহ:

তাদের কাছে থাকবে আনতনয়না, ডাগরচোখ। — আল-বায়ান

তাদের কাছে থাকবে সংযত নয়না, সতী সাধ্বী, ডাগর ডাগর সুন্দর চক্ষু বিশিষ্টা সুন্দরীরা (হুরগণ)। — তাইসিরুল

আর তাদের সঙ্গে থাকবে আনত নয়না আয়তলোচনা হুরবৃন্দ। — মুজিবুর রহমান

And with them will be women limiting [their] glances, with large, [beautiful] eyes, — Sahih International

৪৮. তাদের সঙ্গে থাকবে আনতনয়না(১), ডাগর চোখ বিশিষ্ট(২) (হুরীগণ)।

(১) এখানে জাহান্নামের হুরীদের বৈশিষ্ট্য বর্ণিত হয়েছে। এ আয়াতে প্রথমে তাদের গুণ বর্ণিত হয়েছে যে, তারা হবে ‘আনতনয়না’। যেসব স্বামীর সাথে আল্লাহ তা‘আলা তাদের দাম্পত্য সম্পর্ক স্থাপন করে দেবেন, তারা তাদের ছাড়া কোন ভিন্ন পুরুষের প্রতি দৃষ্টিপাত করবে না। কোন কোন মুফাসসির এর অর্থ করেছেন, তারা তাদের স্বামীদের দৃষ্টি নত রাখবে। অর্থাৎ তারা নিজেরা এমন ‘অনিন্দ্য সুন্দরী ও স্বামীর প্রতি নিবেদিতা’ হবে যে, স্বামীদের মনে অন্য কোন নারীর প্রতি দৃষ্টিপাত করার বাসনাই হবে না। [দেখুন: তাবারী; আদওয়াউল বায়ান]

(২) এখানে হুরীদের দ্বিতীয় গুণ বর্ণিত হয়েছে। বলা হয়েছে যে, তাদের চোখ বড় বড় হবে। মেয়েদের চোখ বড় হলে সুন্দর দেখায়। [দেখুন: তাবারী; আদওয়াউল বায়ান]

তাফসীরে জাকারিয়া

(৪৮) তাদের সঙ্গে থাকবে আনতনয়না, আয়তলোচনা তরুণীগণ। [1]

[1] ‘আয়ত’ বা বড় ও ডাগর ‘লোচন’ বা চক্ষু হওয়া সৌন্দর্যের পরিচয়। অর্থাৎ বড় ও টানা চক্ষুবিশিষ্টা সুন্দরী তরুণী।

তাফসীরে আহসানুল বায়ান

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন